



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০
(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০৭.২১.০০৫.২০০৫- ৫৫০

তারিখঃ ১৪ মার্চ, ২০১৮ খ্রিঃ।

যুগ্ম পরিচালক (সার)
বিএডিসি, সিলেট।

বিষয়ঃ শায়েস্তাগঞ্জস্থ ৩০০০ মেঃ টন সার গুদাম সংলগ্ন নির্মিত স্থাপনার ভাড়া চুক্তি নবায়নের প্রস্তাব ভাড়াটিয়ার মতামতসহ পুনরায় প্রেরণ প্রসঙ্গে।

- সূত্রঃ ১. আপনার দপ্তরের স্মারক নং-৪৫০ তারিখঃ ২২ ফেব্রুয়ারি, ২০১৮।
২. আপনার দপ্তরের স্মারক নং-৪৩১ তারিখঃ ১৩ ফেব্রুয়ারি, ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার আওতাধীন শায়েস্তাগঞ্জস্থ ৩০০০ মেঃ টন সার গুদাম সংলগ্ন নির্মিত স্থাপনার ভাড়া চুক্তি নবায়নের লক্ষ্যে আপনার কর্তৃক প্রেরিত পত্রে ০.১০৫ একর জমিতে নির্মিত স্থাপনার ভাড়া চুক্তি নবায়নের বিষয়ে উল্লেখ করা হয়েছে। কিন্তু “ভাড়া ও মূল্য নির্ধারণী কমিটি” এর সুপারিশ মোতাবেক চেয়ারম্যান মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে ০.৩০ একর জমির উপর নির্মিত স্থাপনার ভাড়া চুক্তি নবায়ন প্রসঙ্গে।

০২. সূত্রীয় পত্রদ্বয়ের মর্মানুযায়ী বিএডিসি’র প্রয়োজনে মোট ০.৩০ একর জায়গা হতে ০.১৯৫ একর খালি জায়গা ছাড়া অবশিষ্ট ০.১০৫ একর জমির উপর নির্মিত স্থাপনার ভাড়া চুক্তি নবায়নের ক্ষেত্রে ভাড়াটিয়া প্রতিষ্ঠান বর্তমানে নির্ধারিত ভাড়ায় ভাড়া নিতে রাজী আছেন কিনা; সে বিষয়ে ভাড়াটিয়া প্রতিষ্ঠানের লিখিত বক্তব্য/মতামত প্রয়োজন। উল্লেখ্য যে, ০.১৯৫ একর জায়গা বর্তমানে কিভাবে ব্যবহৃত হচ্ছে তার বিস্তারিত বিবরণ থাকা প্রয়োজন।

০৩.এমতাবস্থায়, বর্ণিত ০.৩০ একর জমির বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত বহাল থাকায়; ভাড়াটিয়া প্রতিষ্ঠানের মতামতসহ নির্ধারিত ভাড়ায় ০.১০৫ একর জমির স্থাপনাদির ভাড়া চুক্তি নবায়নের প্রস্তাব আপনার নিকট হতে পুনরায় পাওয়ার পর কর্তৃপক্ষ ভাড়া ও মূল্য নির্ধারণী কমিটিতে উপস্থাপনপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(আশুতোষ লাহা)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ

১. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

২. দপ্তর লিপি।